

রাজশাহী শিক্ষা বোর্ডের

সাত শত মণ পরীক্ষার
খাতা নিলামে বিক্রয়

রাজশাহী অফিসে ১১ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল কম্পিউটারে দেখার জন্য বিশেষভাবে খাতা তৈরী করার পর রাজশাহী শিক্ষা বোর্ড বিপুল পরিমাণের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সাদা খাতা নিলামে বিক্রয় করিয়া দিয়াছে। ইহার পরিমাণ হইবে সাতশত মণ।

রাজশাহী শিক্ষা বোর্ড এই সাদা খাতাগুলি নিলামে বিক্রয় করিয়া দিয়াছে স্থানীয় ছাপাখানার সহিত জড়িত এক ব্যক্তির নিকট। তিনি তাহা আর একজন কাগজ ব্যবসায়ীর কাছে বিক্রয় করিয়া দিয়াছেন। যাহারা এই খাতা

ক্রয় করিতেছেন তাহারা উপরের ছাপানো কভার ফেলিয়া ভিতরের ১৪টি সাদা পৃষ্ঠা দিয়া নতুন করিয়া খাতা বাঁধিয়া বেশ লাভ করিতেছেন। ইহাছাড়া কভারের কাগজও বিক্রয় করিয়া দেওয়া হইতেছে। শিক্ষা বোর্ড এইভাবে খাতাগুলি বিক্রয় না করিলেও পারিত।

উপরের ছাপানো কাগজ পাল্টাইয়া নতুন ছাপানো কাগজ দেওয়া হইলে পুরাতন খাতাই পরীক্ষার কাজে ব্যবহার করা যাইত। বোর্ডের বিপুল অংকের টাকাও লোকসান হইত না। অভিযোগে জানা যায়, এই শিক্ষা

(৪র্থ পৃঃ ডঃ)

সাতশত মণ পরীক্ষার খাতা
(৩য় পৃঃ পর)

বোর্ডে অনেক অনিয়ম, স্বচ্ছাচারিতা ও পক্ষপাতিত্ব চাপিয়া আছে শিক্ষা বোর্ডে কোন কাজে গেলে সহজে তাহা হইতে চায় না। পরীক্ষা সংক্রান্ত কাজে বারবার ধরনা দিতে হয়। আর এইসবে পোয়াবারো হইতেছে এক শ্রেণীর অসাধু কর্মচারীর। রাজশাহী শিক্ষা বোর্ডে পরীক্ষার ফল প্রকাশের জন্য কম্পিউটার কেন্দ্র চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। কিন্তু এই কেন্দ্র স্থাপিত হইবে চাকায়। বলা হয়, ইহাতে শিক্ষা বোর্ডের যেমন খরচ বাড়িবে তেমনি পরীক্ষার ভুলত্রুটি কম্পিউটার কেন্দ্র হইতে দ্রুত সংশোধন করাও সম্ভব হইবে না। আর এইসবের জন্য দুর্দশা ভোগ করিতে হইবে শেষ পর্যন্ত ছাত্র-ছাত্রীদের।